



মাতৃভাষা দিবসের সামিত সোমের ছবি নিয়ে ফিফার বিশেষ পোস্ট



সংগৃহীত ছবি

২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ভাষা শহীদদের স্মরণ করছে বিশ্ব। ১৯৫২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে সালাম, বরকত, রফিক, শফিউর, জব্বারসহ অনেকে জীবন দেন—সেই ত্যাগের স্মরণেই দিনটি পালন করা হয়।

এই দিনে ক্রীড়াঙ্গনও পিছিয়ে নেই। FIFA World Cup—এর ফেসবুক পেজে কানাডাপ্রবাসী বাংলাদেশি ফুটবলার Samit Som—এর ছবি প্রকাশ করা হয়। ক্যাপশনে লেখা ছিল, “ভিন্ন ভাষায় একই আবেগ।” ছবিতে বাংলায় যুক্ত করা হয়, “ফুটবলই আমাদের ভাষা”—যার মাধ্যমে ভাষা ও খেলাধুলার আবেগকে একসঙ্গে তুলে ধরা হয়েছে।

পোস্টটি কাস্টম অডিয়েন্সে দেওয়া হয়েছে, ফলে মূলত বাংলাদেশের ব্যবহারকারীরাই এটি দেখতে পেয়েছেন। প্রবাসী ফুটবলারদের বাংলাদেশ দলে যোগ দেওয়ার ধারাবাহিকতায় যেমন Hamza Choudhury আলোচনায় এসেছেন, তেমনি সামিত সোমও লাল-সবুজের প্রতিনিধিত্ব করছেন বিশ্বমঞ্চে।

এদিকে ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। পাশাপাশি বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাবুফে) নিজেদের ফেসবুক পেজে একুশের গুভেচ্ছা বার্তা প্রকাশ করে।